

রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ অষ্টদশ অধ্যায়- যে দিনগুলিতে রোযা রাখা নিষিদ্ধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৮। সওমে বিসাল

মাঝে ইফতারী না করে এবং সেহরীও না খেয়ে একটানা দুই অথবা ততোধিক দিন রোযা রাখাকে 'সওমে বিসাল' বলা হয়। এই শ্রেণীর রোযা রাখতে আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) নিষেধ করেছেন। যেহেতু তাতে রয়েছে অতিরঞ্জন এবং আত্মপীড়ন।

মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, "তোমরা 'সওমে বিসাল' থেকে দূরে থাক।" এ কথা তিনি ৩ বার পুনরাবৃত্তি করলেন। সাহাবাগণ বললেন, 'কিন্তু হে আল্লাহর রসূল! আপনি তো বিসাল করে থাকেন?' তিনি বললেন, "এ ব্যাপারে তোমরা আমার মত নও। কারণ, আমি রাত্রি যাপন করি, আর আমার প্রতিপালক আমাকে পানাহার করিয়ে থাকেন। সুতরাং তোমরা সেই আমল করতে উদ্বুদ্ধ হও, যা করতে তোমরা সক্ষম।"[1] অবশ্য ইফতারী না করে সেহরী খাওয়া পর্যন্ত 'বিসাল' করা চলে; যদি তাতে রোযাদারের কোন কষ্ট না হয়। যেহেতু আবৃ সাঈদ খুদরী (রাঃ) কর্তৃক বর্ণিত, মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেছেন, "তোমরা 'বিসাল' করো না। কিন্তু যদি তোমাদের মধ্যে কেউ তা করতেই চায়, তাহলে সে সেহরী পর্যন্ত করুক।"[2]

ফুটনোট

- [1] (বুখারী ১৯৬৬, মুসলিম ১১০৩নং, প্রমুখ)
- [2] (বুখারী ১৯৬৭নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4201

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন